দৈনিক সংবাদ

তারিখ ... NOV. 1 2 1999




রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ গতকাল বৃহস্পতিবার নটর ডেম কলেজের সুবর্ণ জয়ন্তীর উদ্বোধন অনুষ্ঠানে ভাষণ দেন।

### নটর ডেম কলেজের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে রাষ্ট্রপতি

# শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষাদান ও শিক্ষালাভের পরিবেশ নেই

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষাদান ও শিক্ষালাভের উপযুক্ত পরিবেশ নেই। শিক্ষার আদর্শিক লক্ষ্য বা উদ্দেশ্য সুস্পষ্ট না হওয়ার কারণে শিক্ষার নামে প্রহসন চলছে।

তিনি গতকাল বৃহস্পতিবার নটর ডেম কলেজের সুবর্ণ জয়ন্তী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন। নটর ডেম কলেজের ৫০ বছর পূর্তি উপলক্ষে গতকাল থেকে কলেজ প্রাঙ্গণে তিন দিনব্যাপী সুবর্ণ জয়ন্তী উৎসব শুরু হয়েছে।

রাষ্ট্রপতি বলেন, আমাদের দেশে উচ্চশিক্ষার উপরও গুরুত্ব আরোপ করার প্রয়োজন আছে। কেননা সরকারি এবং বেসরকারি আর্থ-সামাজিক কর্মকাণ্ড পরিচালনার জন্য যে দক্ষ কর্মী বা জনশক্তির প্রয়োজন, তা উচ্চশিক্ষিত নারী-পুরুষের মধ্য থেকেই আসতে হবে। সুতরাং দেশের অভ্যন্তরে কর্মসংস্থানের ব্যবস্থা করতে হলে উচ্চশিক্ষার মানও উন্নত হতে হবে। শুধুমাত্র মুখস্থ বিদ্যা বা যান্ত্রিকভাবে অর্জিত শিক্ষা বাস্তব জীবনে বিশেষ কাজে লাগে না। সৃজনশীলতা হচ্ছে অর্থনৈতিক উন্নয়নের চাবিকাঠি, পরিবর্তনশীল যুগের মোকাবিলা করার জন্য নতুন নতুন ধ্যান-ধারণার প্রয়োজন। "উপযুক্ত সময়ে উপযুক্ত স্থানে উপযুক্ত লোকের প্রয়োজন"--কথাগুলো এ প্রসঙ্গে খুবই প্রযোজ্য।

তিনি বলেন, ক্লাসে নিয়মিত অনুপস্থিতি, পাঠদান না করানো, ছাত্রদের নোট বই থেকে বাছাই করা কিছু উত্তর মুখস্থ করার নির্দেশ দিয়ে পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে বলা, যথেষ্ট কারণ ছাড়া পরীক্ষা পেছানো, সেশন জট, পরীক্ষার ফল প্রকাশে অহেতুক বিলম্ব ইত্যাদি অনিয়ম ও অনৈতিক ক্রিয়াকলাপ শিক্ষাক্ষেত্রে ক্যান্সারের মতো কাজ করছে।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষার দিক দিয়ে আমরা এখনও খুব বেশিদূর অগ্রসর হতে পারিনি। তার কারণ ক্রমবর্ধমান জনসংখ্যাকে প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে সম্পদে পরিণত করার জন্য যে সদিচ্ছা, ত্যাগ স্বীকার ও পরিশ্রমের প্রয়োজন তার অনেক অভাব আমাদের সমাজে রয়ে গেছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষাদান ও শিক্ষালাভের উপযুক্ত পরিবেশ নেই। শিক্ষাক্ষেত্রে যে অনিয়ম চলছে তা কোন জাতির জন্য কল্যাণকর হতে পারে না। যথাযোগ্য প্রস্তুতি না নিয়ে ক্লাসে আসা, নিয়মিত ক্লাসে উপস্থিত না থাকা এবং পাঠদান না করা, পাঠ্যপুস্তকের বিষয়বস্তু বুঝিয়ে না দিয়ে ছাত্রদেরকে শুধুমাত্র নোট বই থেকে বাছাই-করা কিছু উত্তর মুখস্থ করার নির্দেশ দিয়ে পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে বলা, শিক্ষাদানের কথা বিবেচনা না করে শুধুমাত্র আয়ের দিকে ঝুঁকে পড়া-কোনটাই শুভ লক্ষণ নয়।

বিশপ থিউটোনিয়াস গোমেজের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কলেজের প্রাক্তন ছাত্র ডঃ কামাল হোসেন, ডঃ এ মঈন খান এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক, নটর ডেম কলেজের প্রাক্তন ভাইস প্রিন্সিপাল জোসেফ ডি সিলভা, দৈনিক জনকণ্ঠের নির্বাহী সম্পাদক বোরহান আহমদ, ফাদার জে এস পিসাতো এবং পবিত্র ক্রুশ সংঘের মহা-সংঘনায়ক ফাদার হিউস ক্লিয়ারি।

উদ্বোধনী অনুষ্ঠানশেষে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ উৎসব উপলক্ষে আয়োজিত প্রদর্শনী পরিদর্শন করেন। পরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

আজ শুক্রবার সকাল ৯টা থেকে কলেজ প্রাঙ্গণে উৎসবের দ্বিতীয় দিনের অনুষ্ঠানমালা পরিবেশিত হবে। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে প্রাক্তন ছাত্রছাত্রীদের স্মৃতিচারণ, ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান।